

## একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
সিলেট

স্মারক নং : ৩২.০১.৯১০০.০০০.০৩.০০৭.১৯-৩৪৮

তারিখ: ০১/১১/২০২২খি:


বিষয়ঃ ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী নির্বাচন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রের সিলেট জেলার সদর উপজেলায় ০৮টি ইউনিয়নে বিগত চক্রের ন্যায় নীতিমালার আলোকে নিম্নলিখিত শর্তাবলী পূরন স্বাপেক্ষে প্রাথমিক তালিকা প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে বিগত চক্রে যারা অপেক্ষমান তালিকায় ছিলেন তাদের কে চলতি চক্রে অন্তর্ভুক্ত করে বর্তমানে নির্বাচিতদের ডাটা এন্ট্রির জন্য নির্বাচন করতে হবে। ইউনিয়ন ভিত্তিক বরাদ্দের কার্ড সংখ্যা উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনার মাধ্যমে নির্ধারণ করা হবে। আবেদনপত্র সংগ্রহ করে আগামী ২০ নভেম্বর ২০২২খিঃ তারিখের মধ্যে প্রাথমিক তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	বরাদ্দকৃত কার্ড সংখ্যা	মন্তব্য
১	২	৪	
০১।	জালালাবাদ ইউ/পি	কমিটির সিদ্ধান্ত মোতাবেক	
০২।	হাটখোলা ইউ/পি	কমিটির সিদ্ধান্ত মোতাবেক	
০৩।	খাদিমনগর ইউ/পি	কমিটির সিদ্ধান্ত মোতাবেক	
০৪।	খাদিমপাড়া ইউ/পি	কমিটির সিদ্ধান্ত মোতাবেক	
০৫।	টুকেরবাজার ইউ/পি	কমিটির সিদ্ধান্ত মোতাবেক	
০৬।	মোগলগাঁও ইউ/পি	কমিটির সিদ্ধান্ত মোতাবেক	
০৭।	কান্দিগাঁও ইউ/পি	কমিটির সিদ্ধান্ত মোতাবেক	
	মোট	৯০০ টি	

### শর্তাবলীঃ

- ১। প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসত ভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমাণ ০.১৫ একর অথবা কম। ভূমিহীন যে সব পরিবারের মহিলা দুস্থ ও অসহায় এবং যাদের অন্য কোন নিয়মিত আয়ের উৎস নেই।
- ২। যে পরিবার দৈনিক দিনমজুর হিসেবে জীবিকা নির্বাহ করে সে পরিবার অগ্রাধিকার পাবে।
- ৩। বয়স সীমা ২০-৫০ বছরের মধ্যে হতে হবে এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ অসহায় ও দুস্থ মহিলাদের নির্বাচন করতে হবে।  
জাতীয় পরিচয় পত্র বাধ্যতামূলক।
- ৪। যে সকল দরিদ্র পরিবারে স্কুলে অধ্যয়নরত কিশোরী আছে সে পরিবারের মা অগ্রাধিকার পাবে।
- ৫। যে পরিবারের ঘরের দেয়াল মাটির/বাঁশের তৈরী সে পরিবার অগ্রাধিকার পাবে।
- ৬। যে সব পরিবারে অটিজম/ প্রতিবন্ধী সদস্য আছে সে পরিবার অগ্রাধিকার পাবে।
- ৭। যে পরিবারে বিদ্যুৎ সংযোগ নেই সে পরিবার অগ্রাধিকার পাবে।
- ৮। একটি পরিবার কেবল মাত্র ০১টি ভিজিডি কার্ড পাবে।
- ৯। যে পরিবার সরকারের অন্য কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর অন্তর্ভুক্ত যেমন( বিধবা ভাতা, মাতৃভাতা, খাদ্যবান্ধব কর্মসূচি) সে সকল পরিবার ভিজিডি চক্রের অন্তর্ভুক্ত হবেন না।
- ১০। যে সকল পরিবার (২০১৯-২০২০ এবং ২০২১-২০২২) চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন সে সকল পরিবার এ চক্রের অন্তর্ভুক্ত হবেন না।
- ১১। উল্লেখিত তথ্যাদি পূরন স্বাপেক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার/তথ্য সেবা কর্মকর্তা/সেবা সহকারী/ উপজেলা ডিজিটাল সেন্টারের সহায়তায় <http://dwavgd.gov.bd/applicant/vgd/form> লিংকে গিয়ে আবেদন করতে হবে।

  
০১/১১/২২

শাহিনা আক্তার

উপপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর

সিলেট

চেয়ারম্যান

.....ইউ/পি

সিলেট সদর, সিলেট

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক
- ২। উপপরিচালক (ভিজিডি), মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট
- ৪। সিলেট সদর উপজেলার ইউনিয়ন পরিষদের সচিব (সকল)
- ৫। অফিস নথি।

ক্রমিক নং	নাম	পদ	স্বাক্ষর
১	সিলেট জেলা প্রশাসক	জেলা প্রশাসক	
২	উপপরিচালক (ভিজিডি), মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট	উপপরিচালক	
৩	উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট	উপজেলা নির্বাহী অফিসার	
৪	সিলেট সদর উপজেলার ইউনিয়ন পরিষদের সচিব (সকল)	সচিব	
৫	অফিস নথি		

  
স্বাক্ষরিত  
উপপরিচালক (ভিজিডি), মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট